যুগান্তর

তারিখ 15 FEB 2009
পৃষ্ঠা ৩ কলাম ৪

বিভিন্ন ছাত্র সংগঠনের দাবি

নব্বইয়ের ১০ দফার ভিত্তিতে শিক্ষানীতি প্রণয়ন করুন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

স্বৈরাচারবিরোধী ছাত্র প্রতিরোধ দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিভিন্ন সংগঠন বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। শনিবার প্রগতিশীল ছাত্রজোট, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্র ইউনিয়ন, ছাত্র ফেডারেশন, বিপ্লবী ছাত্রমৈত্রী পৃথকভাবে এ কর্মসূচি পালন করে। কর্মসূচি থেকে অবিলম্বে ছাত্রনেতারা '৯০-এর দশ দফার ভিত্তিতে শিক্ষানীতি প্রণয়নের দাবি জানান।

সকালে প্রগতিশীল ছাত্রজোট স্বৈরাচারবিরোধী ছাত্র প্রতিরোধ দিবস উপলক্ষে বিক্ষোভ মিছিল শেষে সমাবেশের আয়োজন করে। সমাবেশে ছাত্রনেতা শামসুজ্জামান, শাহীন, মহিউদ্দিন চৌধুরী, মানবেন্দ্র দেব প্রমুখ বক্তব্য রাখেন। বক্তারা বলেন, বর্তমান সরকার স্বৈরাচারকে পুনর্বাসনের চেষ্টা করছে। তারা অবিলম্বে একমুখী, গণমুখী, অসাম্প্রদায়িক, বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতি প্রণয়নের দাবি জানান।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলায় স্বৈরাচারবিরোধী ছাত্র আন্দোলনের প্রাক্তন নেতৃবৃন্দের অংশগ্রহণে আলোচনা সভার আয়োজন করা হয়।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি ফখরুদ্দিন কবির আতিকের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য

শিক্ষানীতি : পৃষ্ঠা ২ : কলাম ৫

শিক্ষানীতি : ছাত্র

(৩য় পৃষ্ঠার পর)

রাখেন তৎকালীন ডাকসু সদস্য বাংলাদেশের সমাজতান্ত্রিক দল বাসদ কেন্দ্রীয় বর্ধিত ফোরামের সদস্য রঞ্জপুর রশীদ ফিরোজ, তৎকালীন ছাত্রনেতা জহিরুদ্দ ইসলাম, সুলতানা আক্তার রুবী, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক জনার্দন দত্ত নান্টু প্রমুখ। এছাড়াও ছাত্র ইউনিয়ন, ছাত্র ফেডারেশন ও বিপ্লবী ছাত্রমৈত্রী বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করে।

পৃথক কর্মসূচি থেকে নেতৃবৃন্দ বলেন, যে মজিদ খানের শিক্ষানীতির বিরুদ্ধে লড়াই করতে গিয়ে '৮৩-র মধ্য ফেব্রুয়ারিতে জাফর, জয়নাল, দিপালী সাহা, আইয়ুব, কাঞ্চন, মোজাম্মেল আত্মত্যাগ করেছিল সেই অতীত শিক্ষানীতির ধারাবাহিকতায় বর্তমান সরকার খুদা কমিশনের নীতি বাস্তবায়ন করতে যাচ্ছে। তারা '৯০-এর দশ দফার ভিত্তিতে শিক্ষানীতি প্রণয়নের দাবি জানান।